# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ফোন :
অফিস : ৯৫৫৫১৩৩
ফ্যাক্স : ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩

Phone :
Office : 9555133
Fax : 0088-02-9564763

স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.০৫.০০১-১৯-৭৭ তারিখঃ ১১ বৈশাখ,১৪২৬ বঃ
২৪ এপ্রিল,২০১৯ খ্রিঃ

বিষয় : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নৈতিকতা কমিটির ১৭তম সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে ।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নৈতিকতা কমিটির ১৭তম সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসাথে প্রেরণ করা হলো । সভায় গৃহীত সিদ্ধান্তের ওপর গৃহীত ব্যবস্থার ওপর অগ্রগতি প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো ।

২৪/৪/২০১৯
( আব্দুল খালেক )
সচিব,বাপাউবো, ঢাকা ।
secretary@bwdb.gov.bd.

সংযুক্তি: বর্ণনামতে ।

স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.০৫.০০১-১৯-৭৭ তারিখঃ ১১ বৈশাখ,১৪২৬ বঃ
২৪ এপ্রিল,২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরীত হলো :

১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য-সচিব ।
২. অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য ।
৩-৫. অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন)/(পূর্ব রিজিয়ন)/ (অর্থ), বাপাউবো, ঢাকা ।
৬. চীফ মনিটরিং , বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য ।
৭. চীফ প্ল্যানিং, বাপাউবো, ঢাকা ।
৮. প্রধান পানি ব্যবস্থাপনা, পাউবো, ঢাকা ।
৯. পরিচালক, অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য ।
১০. প্রধান, প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য ।
১১. প্রধান প্রকৌশলী (সকল)--------------------------------বাপাউবো--------------------------------
( সভার সিদ্ধান্ত আপনার জোনের আওতাধীন দপ্তরসমূহে বিতরণ ও গৃহীত সিদ্ধান্তের ওপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো ) ।
১২. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, প্রশিক্ষণ ইনস্টিটিউট,বাপাউবো, ভাগ্যকুল শ্রীনগর, মুন্সীগঞ্জ ।
১৩. সচিব,বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য ।
১৪. পরিচালক, প্রকৌশলী একাডেমী কাপ্তাই, চট্টগ্রাম ।
১৫. পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ।
১৬. অধ্যক্ষ, সেচ সম্প্রসারণ প্রশিক্ষণ কেন্দ্র, বাপাউবো,বাড়াদী, কুষ্টিয়া ।
১৭. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা ।
১৮. সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা ।
১৯. অফিস কপি ।

২৪/৪/১৯
(এস,এম, হুমায়ুন কবীর)
উপ-সচিব বোর্ড,
বাপাউবো, ঢাকা ।

ডায়েরী নং ৫০৩৬ তারিখ: ২৫/৪/১৯
প্রোগ্রামার
সহকারী প্রোগ্রামার ১/২
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী
সিস্টেম এনালিস্ট ১/২
কম্পিউটার সেল, বাপাউবো ঢাকা

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নৈতিকতা কমিটির ১৭তম সভার কার্যবিবরণী।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নৈতিকতা কমিটির ১৭ তম সভা গত ২৭ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিঃ বিকেল ৪ঃ০০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। বোর্ডের মহাপরিচালক ও বাপাউবো নৈতিকতা কমিটির আহবায়ক জনাব মোঃ মাহফুজুর রহমান সভায় সভাপতিত্ব করেন। সভায় বোর্ডের অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন) জনাব খন্দকার খালেকুজ্জামান, প্রধান পানি ব্যবস্থাপনা জনাব মাহফুজ আহমদসহ কমিটির অন্যান্য সদস্যগণ সভায় উপস্থিত ছিলেন।

সভার সভাপতি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপনের জন্য বোর্ডের অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন) ও অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব) জনাব খন্দকার খালেকুজ্জামানকে অনুরোধ জানান। জনাব খন্দকার খালেকুজ্জামান পূর্ববর্তী সভার অগ্রগতি ধারাবাহিকভাবে তুলে ধরেন এবং তা সভায় অনুমোদন করা হয়।

বোর্ডের সচিব জনাব আব্দুল খালেক বোর্ডের নৈতিকতা কমিটির কার্যক্রম ও কর্মপরিকল্পনার অগ্রগতি তুলে ধরেন। তিনি মাঠ পর্যায়ের দপ্তরসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক নয় মর্মে সভাকে অবহিত করেন। এ বিষয়ে মাঠ পর্যায়ের দপ্তরসমূহকে তাগিদ প্রদানের বিষয়ে সভাকে জানান।

আলোচ্যসূচী খ) **শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক আলোচনা ও বাৎসরিক সকল-কর্মকর্তা কর্মচারীদের ৬০ ঘন্টা প্রশিক্ষণ নিশ্চিতকরণ সংক্রান্ত আলোচনা।**

বোর্ডের প্রসেসিং সেকশন হতে স্মারক নং-৪৬/পিএস/দপ্তরাদেশ-৩৫/২০১৬ তারিখ ৬-২-২০১৯ খ্রিঃ এর মাধ্যমে জারিকৃত সার্কুলারের বিষয়ে সভায় আলোচনা হয়। ২০১৮-১৯ অর্থ-বছরে পানিসম্পদ মন্ত্রণালয়ের সাথে বাপাউবোর স্বাক্ষরিত বার্ষিক কার্যসম্পাদন চুক্তির (APA) আবশ্যিক কৌশলগত কার্যাবলীর আওতায় মন্ত্রিপরিষদ বিভাগ হতে সকল কর্মকর্তা-কর্মচারীদের জন্য বার্ষিক ৬০ ঘন্টা প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়া আছে। সকল দপ্তরে উক্ত প্রশিক্ষণ যাতে নিয়মিত অনুষ্ঠিত হয় সে বিষয়ে সভায় সদস্যগণ একমত পোষণ করেন।

সভার সিদ্ধান্ত মতে মাঠ পর্যায়ে সকল জোন, সার্কেল এবং বিভাগীয় দপ্তর ও কেন্দ্রীয় সকল প্রধান/অতিঃ প্রধান প্রকৌশলী বা সমমর্যাদার দপ্তর এবং প্রকল্প/পরিদপ্তর/সার্কেল দপ্তরসমূহে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের প্রতি সপ্তাহে কমপক্ষে ১(এক) ঘন্টা করে বার্ষিক কার্য সম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্য, আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য, জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল, তথ্য অধিকার আইন ২০০৯, ও এর আওতায় প্রণীত বিধি ও প্রবিধিমালাসমূহ, সরকারী কর্মচারী আচরণ বিধিমালা-১৯৭৯, সচিবালয় নির্দেশমালা-২০১৪, জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন-২০১১, এবং এর আওতায় প্রণীত বিধিমালা-২০১৭, দপ্তরের দৈনন্দিন কার্যাবলী ও বোর্ডের প্রচলিত বিধিমালা ইত্যাদি সম্পর্কে in-house প্রশিক্ষণ আয়োজন নিশ্চিত করার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন।

**সিদ্ধান্ত-খঃ** সভার সিদ্ধান্ত মতে মাঠ পর্যায়ে সকল জোন, সার্কেল এবং বিভাগীয় দপ্তর ও কেন্দ্রীয় সকল প্রধান/অতিঃ প্রধান প্রকৌশলী বা সমমর্যাদার দপ্তর এবং প্রকল্প/পরিদপ্তর/সার্কেল দপ্তরসমূহে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের প্রতি সপ্তাহে কমপক্ষে ১(এক) ঘন্টা করে বার্ষিক কার্যসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্য, আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য, জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল, তথ্য অধিকার আইন ২০০৯, ও এর আওতায় প্রণীত বিধি ও প্রবিধিমালাসমূহ, সরকারী কর্মচারী আচরণ বিধিমালা-১৯৭৯, সচিবালয় নির্দেশমালা-২০১৪, জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন বিধিমালা দপ্তরের দৈনন্দিন কার্যাবলী ও বোর্ডের প্রচলিত বিধিমালা ইত্যাদি সম্পর্কে in-house প্রশিক্ষণ আয়োজন নিশ্চিতকরতঃ সভার কার্যবিবরণীর কপি আবশ্যিকভাবে বোর্ড সচিবালয়, প্রসেসিং সেকশন, চীফ মনিটরিং এর দপ্তর এবং বোর্ডের প্রশিক্ষণ পরিদপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।

পরের পাতায় দ্রষ্টব্য

<u>আলোচ্যসূচী-গ: বাপাউবো শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক অগ্রগতি:</u>

সভায় বাপাউবো শুদ্ধাচার পুরস্কার প্রদান ত্বরান্বিত করার জন্য কর্মচারী উন্নয়ন পরিদপ্তরের পরিচালককে পুনরায় অনুরোধ জানানো হয়। সভাকে অবগত করা হয় যে, ইতোমধ্যে পুরস্কার প্রদান সংক্রান্ত অর্থনৈতিক কোড খোলার বিষয়টি চূড়ান্ত এবং পুরস্কারের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ পাওয়া গেছে। এমতাবস্থায়, পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ এবং এতদবিষয়ে ২০১৮ সালের স্পষ্টীকরণ অনুযায়ী বোর্ডের ০৩ (তিন) জন কর্মকর্তা ও কর্মচারীর নাম কমিটি কর্তৃক চূড়ান্তকরণের বিষয়ে আলোচনা হয়।

**সিদ্ধান্ত-গ:** পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ এবং এতদবিষয়ে ২০১৮ সালের স্পষ্টীকরণ অনুযায়ী কমিটি কর্তৃক বোর্ডের ০৩ (তিন) জন কর্মকর্তা ও কর্মচারীর নাম চূড়ান্তকরতঃ পরিচালক কর্মচারী উন্নয়ন তাদের নাম বোর্ড সচিবালয়ে অবিলম্বে প্রেরণ করবেন।

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভার সভাপতি ও বোর্ডের মহাপরিচালক জনাব মোঃ মাহফুজুর রহমান উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০৪/২০২২

মোঃ মাহফুজুর রহমান
মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ও
আহবায়ক, বাপাউবো নৈতিকতা কমিটি।